গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
কুমিল্লা বিভাগ, কুমিল্লা-৩৫০০
Web:https://post.comilla.gov.bd

"ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন"

স্মারক নম্বর: এ-১/স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট/কুমিল্লা বিভাগ/২০২৪ তারিখ: কুমিল্লা, ২১/০৪/২০২৪ খ্রি:

# উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি বিজ্ঞপ্তি

নিম্নোক্ত উপজেলা ডাকঘরের "স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস" এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য প্রতি উপজেলায় ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োজনের লক্ষ্যে নিম্নোক্ত উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | উপজেলা নাম | পদের সংখ্যা (প্রতি উপজেলায়) | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্যোক্তা (লেটার রাইটার) স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস। | কুমিল্লা: আদর্শ সদর, দেবিদ্বার, হোমনা, বরুড়া, দাউদকান্দি, ব্রাহ্মণপাড়া, বুড়িচং, চৌদ্দগ্রাম, মুরাদনগর, মনোহরগঞ্জ, লাকসাম, নাঙ্গলকোট, চান্দিনা, মেঘনা।<br><br>চাঁদপুর: চাঁদপুর সদর, হাজীগঞ্জ, কচুয়া, ফরিদগঞ্জ, হাইমচর, শাহরাস্তি, মতলব দক্ষিণ, মতলব উত্তর।<br><br>ব্রাহ্মণবাড়িয়া: ব্রাহ্মণবাড়িয়া সদর, কসবা, নাসিরনগর, সরাইল, আখাউড়া, নবীনগর, বাঞ্ছারামপুর, আশুগঞ্জ। | প্রতিটি অফিসের জন্য ২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে নূন্যতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা;<br>(গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট' এর জন্য প্রয়োজনীয় উপকরণ, যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য;<br>(ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে।<br>(চ) রাষ্ট্রবিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে;<br>(ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। | |

## শর্তাবলী:

০১। আবেদন শুরুর তারিখ ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখের ২ মে ২০২৪ খ্রি: দিবাগত রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত ।
(আবেদন লিংক http://bdpost.eksheba.gov.bd)
০২। এক সেবাস্থ প্লাটফর্মে আবেদন করার পর নিচের দিকে "মুক্ত পাঠের মাধ্যমে অনলাইন পরীক্ষায় যুক্ত হওয়ার জন্য রেজিস্ট্রেশন লিংক দেওয়া থাকবে। (রেজিস্ট্রেশন লিংক http://muktopaath.gov.bd/registration/learner) এই লিংকে ক্লিক করে রেজিষ্ট্রেশন করতে হবে। কোন ই-মেইল আইডি দিয়ে রেজিষ্ট্রশন করা যাবে না। আবেদনের সময় যে মোবাইল নাম্বার ব্যবহার করা হয়েছে সেই মোবাইল নাম্বার দিয়ে রেজিষ্ট্রেশন করতে হবে। রেজিষ্ট্রেশন না করলে অনলাইন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।
০৩। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় নূন্যতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
০৪। প্রার্থীর বয়স ৩১ জানুয়ারী,২০২৪ খ্রি. তারিখে নূন্যতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
০৫। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:
ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।
গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
০৬। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৭। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
০৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১০। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারি/আউটসোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
১২। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস -এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক এ পরবর্তীতে প্রার্থীকে জানানো হবে।

২১-০৪-২০২৪
ইমতিয়াজ আহমেদ
পরিদর্শক প্রশাসন
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
কুমিল্লা বিভাগ, কুমিল্লা-৩৫০০
ইমেইল: imtirasel85@gmail.com
ও
সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি কমিটি

স্মারক নম্বর: এ-১/স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট/কুমিল্লা বিভাগ/২০২৪ তারিখ: কুমিল্লা, ২১/০৪/২০২৪ খ্রি:

সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:
১। জেলা প্রশাসক, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া।
২। উপজেলা চেয়ারম্যান, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলা।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলা।
৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলা।
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলা।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল উপজেলা প্রেসক্লাব, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলা।
৭। তথ্য অফিসার কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলা।
৮। চেয়ারম্যান, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলার ইউনিয়ন পরিষদ।
৯। পরিদর্শক প্রশাসন, কুমিল্লা বিভাগ, কুমিল্লা-৩৫০০। তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১০। উপজেলা পোস্টমাস্টার, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া জেলা।
১১। অফিস কপি।
১২। অতিরিক্ত কপি।

২১/০৪/২০২৪
সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি কমিটি